



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

জেরুজালেমে সংঘটিত সহিংসতার প্রেক্ষিতে জাতিসংঘ সদর দপ্তরে বাংলাদেশের সভাপতিত্বে ওআইসি'র জরুরী সভা

নিউইয়র্ক, ১৬ মে ২০১৮ :

গত ১৪ মে জেরুজালেমে ইসরাইল কর্তৃপক্ষ দ্বারা সংঘটিত সহিংসতায় ফিলিস্তিনের সাধারণ নাগরিকদের ব্যাপক হতাহতের ঘটনায় উদ্বেগ প্রকাশ এবং এ বিষয়ে পরবর্তী কর্মপন্থা গ্রহণের জন্য আজ জাতিসংঘ সদর দপ্তরে অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (ওআইসি) এর রাষ্ট্রদূত পর্যায়ের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ওআইসি'র নবনিযুক্ত কাউন্সিল সভাপতি, এ হিসেবে সভায় সভাপতিত্ব করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন।

সভার শুরুতে জেরুজালেমে মার্কিন যুক্তরাষ্ট্রের দূতাবাস স্থানান্তরের পরিপ্রেক্ষিতে ইসরাইলের নিরাপত্তা বাহিনী দ্বারা সংঘটিত সহিংসতায় ব্যাপক হতাহতের বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন ও বক্তব্য প্রদান করেন জাতিসংঘে নিযুক্ত ফিলিস্তিনের স্থায়ী পর্যবেক্ষক রাষ্ট্রদূত ড. রিয়াদ এইচ. মনসুর (Dr. Riyad H. Mansour)। এছাড়া আগামী ১৮ মে তুরস্কে অনুষ্ঠিতব্য ওআইসি'র বিশেষ জরুরী শীর্ষ সম্মেলনের বিষয়ে সভাকে অবহিত করেন তুরস্কের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত ফেরিদুন হাদি সিনিরলিগুগলু (Feridun Hadi Sinirlioğlu)।

সভায় ওআইসিভুক্ত দেশগুলোর স্থায়ী প্রতিনিধিগণ ফিলিস্তিনের সাধারণ নাগরিকদের উপর ইসরাইলের অমানবিক ও অযাচিত সহিংসতার তীব্র নিন্দা জানান। জরুরী এ সভায় উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় পরবর্তী করণীয় কী হতে পারে সে বিষয়েও আলোকপাত করা হয়। সভায় নিরাপত্তা পরিষদের মাধ্যমে এই সাম্প্রতিক সহিংস ঘটনার একটি আন্তর্জাতিক স্বাধীন ও নিরপেক্ষ তদন্ত অনুষ্ঠানের উপর জোর দেওয়া হয়। এছাড়া সুইজারল্যান্ডের জেনেভাতে আগামী ১৮ মে অনুষ্ঠিতব্য মানবাধিকার কমিশনের জরুরী সভায় এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয়। দূতাবাস স্থানান্তরের বিতর্কিত সিদ্ধান্ত প্রত্যাহারের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের প্রশাসনকে ওআইসি'র পক্ষ থেকে অনুরোধ জানানো এবং অন্য কোন সদস্য রাষ্ট্র যাতে যুক্তরাষ্ট্রকে অনুসরণ না করে সে বিষয়ে কূটনৈতিকভাবে যথাযথ পদক্ষেপ নেওয়ার বিষয়েও সভায় আলোচনা হয়।

জরুরী এ সভায় অনতিবিলম্বে ফিলিস্তিনি শান্তি প্রক্রিয়া শুরু করার বিষয়ে আহ্বান জানানো হয়।
